

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৮, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

জেলা ম্যাজিস্ট্রেসি নীতি শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ বৈশাখ ১৪২১/০৮ মে ২০১৪

নম্বর-০৮.০০.০০০০.৫২১.০১৫.০২৭.১২.৪৪৮—যেহেতু, দুর্নীতি দমন কমিশনের ০৩/২০১৪ নম্বর সভায় দুর্নীতি দমন কমিশনের উপপরিচালক জনাব মোঃ শফিকুল ইসলাম-এর চাকরিকাল ২৫ (পঁচিশ) বৎসর পূর্ণ হওয়ায় তাঁকে বাধ্যতামূলক অবসর প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়; এবং যেহেতু, উক্ত সিদ্ধান্ত সরকারের অনুমোদনের জন্য কমিশন কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়; এবং যেহেতু, সরকার জনস্বার্থে তাঁকে চাকরি হতে অবসর প্রদান করা প্রয়োজন বলে বিবেচনা করেন; সেহেতু গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ (Act no. XII of 1974)-এর ৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার তাঁকে দুর্নীতি দমন কমিশনের চাকরি হতে অবসর প্রদান করলেন।

২। তিনি বিধি মোতাবেক অবসরজনিত সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ কামরুল হাসান
সিনিয়র সহকারী সচিব

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(১৩৩৫৯)

মূল্য ৪ টাকা ৪.০০